বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ Biman BANGLADESH AIRLINES LTD.
HEAD OFFICE, BALAKA, KURMITOLA, DHAKA-1229, BANGLADESH, PHONES: 8901600-14, 8901680-94, FAX: 88-02-8901558, www.biman-airlines.com

সূত্রঃ ৩০.৩৪.২৬০০.০৬৯.২৪.০০২.১৮.০২.৪৩১ তারিখঃ ০২-১০-২০১৮ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ যোগ্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে চুক্তিভিত্তিক ফ্লাইট স্টুয়ার্ড/স্টুয়ার্ডেস পদে নিয়োগের জন্য নিম্নলিখিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করছে ঃ

পদের নাম ঃ ফ্লাইট স্টুয়ার্ড/স্টুয়ার্ডেস

আবেদনের যোগ্যতাঃ

ক) ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ঃ এইচএসসি অথবা সমমান। কোনো পরীক্ষায় তৃতীয় বিভাগ অথবা সমমান গ্রহণযোগ্য নয়।
খ) ফলঃ ন্যূনতম জিপিএ ৩.০ (৫.০ এর মধ্যে) (এসএসসি এবং এইচএসসি অথবা সমমান) ।
গ) 'ও' লেভেলে গড়ে যে কোন ৫টি বিষয়ে এবং 'এ' লেভেলে গড়ে যে কোন ২টি বিষয়ে ন্যূনতম "ডি" থাকতে হবে)
ঘ) উচ্চতা ঃ পুরুষ প্রার্থী ঃ সর্বনিম্ন ১৬৮ সে.মি; মহিলা প্রার্থী ঃ সর্বনিম্ন ১৬১ সে.মি; ওজন উচ্চতার সাথে সামঞ্জস্যপূর্ণ (বিএমআইঃ ১৮.৫-২৫.০)
ঙ) প্রার্থীদের সুস্বাস্থ্যের অধিকারী, ইংরেজিতে পারদর্শী এবং অবিবাহিত হতে হবে।
চ) দৃষ্টি শক্তি ৬/৬ হতে হবে, চশমা গ্রহণযোগ্য নয়।
ছ) বয়সঃ ১৯-২৫ বৎসর (০৬-১২-২০১৯ খ্রিঃ তারিখে), এফিডেবিট গ্রহণযোগ্য নয়।
জ) GED ডিগ্রি গ্রহণযোগ্য নয়।

বেতন ও ভাতাঃ

ক) বেতন স্কেল ঃ টাঃ ১৫,৯০০/- ---------৩৮,৪০০/- এবং আনুষঙ্গিক ভাতাদি (শর্তানুযায়ী)+++++++++ সহ মাসিক প্রায় ১,৭০,০০০/- টাকা।
খ) উৎসব ভাতা।
গ) দেশে ও বিদেশে প্রশিক্ষণ।
ঘ) বিদেশে উন্নতমানের আবাসন ও যাতায়াত সুবিধা।
ঙ) উন্নত চিকিৎসা সুবিধা।
চ) ইউনিফর্ম ভাতা।

আবেদনের শর্তাবলি ও অনলাইনে আবেদনপত্র পূরণ করার নিয়মাবলি

০১। ০৬-১২-২০১৯ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স অনুর্দ্ধ ২৫ বছর হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
০২। সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।
০৩। বিদেশি শিক্ষা প্রতিষ্ঠান হতে অর্জিত শিক্ষা/ডিগ্রির ক্ষেত্রে এদেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রি ও ফলের তথ্য প্রদান করতে হবে।
০৪। উপর্যুক্ত পদে নির্বাচিত প্রার্থীগণ প্রাথমিকভাবে ০৩ বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ প্রাপ্ত হবেন। সন্তোষজনকভাবে ০৩ বছর চুক্তিভিত্তিক চাকুরি সম্পন্নকরণ সাপেক্ষে ০৩ বছর মেয়াদে সর্বোচ্চ ০৪ বার চাকুরি নবায়ন করা যেতে পারে।
০৫। আবেদনকারীগণ অনলাইন পদ্ধতিতে টেলিটকের মাধ্যমে আবেদন করবেন।
০৬। নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।
০৭। নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোনো সংশোধন, সংযোজন (যদি থাকে) বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড এর ওয়েবসাইটে www.biman-airlines.com; www.biman.org.bd প্রকাশ করা হবে।
০৮। বিমান কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি এবং কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ কার্যক্রম সংশোধন, পরিবর্তন, স্থগিত কিংবা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
০৯। বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেডের ওয়েবসাইট www.biman-airlines.com এর Careers Page-এর অথবা www.biman.org.bd এর নির্দিষ্ট লিংকে বা সরাসরি http://bbal.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:
   i. অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৭-১১-২০১৯ খ্রিঃ, সকাল ১০:০০টা।
   ii. অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদানের শেষ তারিখ ও সময়: ০৬-১২-২০১৯ খ্রিঃ, রাত ১২:০০টা।
   উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৪৮ ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি (১,১১১/-টাকা) জমা দিতে পারবেন।
১০। অনলাইন আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (সর্বোচ্চ ৩০০ x ৮০ পিক্সেল এবং ৬০ কেবি'র বেশী নয়) এবং রঙ্গিন ছবি (সর্বোচ্চ ৩০০ x ৩০০ পিক্সেল এবং ১০০ কেবি'র বেশী নয়) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

বিমান বাংলাদেশ এয়ারলাইনস লি: Biman BANGLADESH AIRLINES LTD.
HEAD OFFICE, BALAKA, KURMITOLA, DHAKA-1229, BANGLADESH, PHONES: 8901600-14, 8901680-94, FAX: 88-02-8901558, www.biman-airlines.com

১১। অনলাইন আবেদনপত্রে পূরণকৃত তথ্য পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, তাই অনলাইনে আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

১২। নির্ভুলভাবে আবেদনপত্র Submit সম্পন্ন করা প্রার্থী User ID, ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Applicant’s copy পাবেন। উক্ত Applicant’s copy প্রার্থী download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। User ID নম্বর ব্যবহার করে প্রার্থীকে নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk pre-paid mobile এর মাধ্যমে ০২টি SMS করে আবেদন ফি জমা দিতে পারবেন। বর্ণিত পদের জন্য আবেদন ফি অফেরতযোগ্য ১১১১/- (এক হাজার একশত এগার) টাকা। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, **“অনলাইনে আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত অনলাইন আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না”**।

1st SMS : BBAL<Space>User_ID and send to 16222 .

2nd SMS : BBAL<Space>YES<Space<PIN and send to 16222 .

১৩। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bbal.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

১৪। SMS এর প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী download পূর্বক রঙ্গিন print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

১৫। শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে BBAL<Space>Help<Space>User<Space>User_ID & send to 16222 .
ii. PIN Number জানা থাকলে BBAL<Space>Help<Space>PIN<Space>PIN No & send to 16222 .

১৬। মনস্তাত্ত্বিক ও লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক সাক্ষাৎকারের পূর্বে নিম্নোক্ত সনদ/দলিল/প্রমাণপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে ঃ

(১) অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্ট কপি, (২) প্রবেশপত্রের ফটোকপি, (৩) সদ্য তোলা ৩ (তিন) কপি ফুল সাইজের (বি.২) রঙ্গিন ছবি, (৪) শিক্ষাগত সকল সনদ ও ট্রান্সক্রিপ্টের ফটোকপি, (৫) বিদেশি শিক্ষা প্রতিষ্ঠান হতে অর্জিত শিক্ষা/ডিগ্রির ক্ষেত্রে এদেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক ইস্যূকৃত গ্রেড পয়েন্ট উল্লেখসহ সমমান সার্টিফিকেট (Equivalence Certificate), (৬) জাতীয় পরিচয় পত্রের রঙিন ফটোকপি, (৭) স্থায়ী ঠিকানার সমর্থনে ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশন/ওয়ার্ড কমিশনারের প্রদত্ত সনদ।

(ফখরুল হোসেন চৌধুরী)
ব্যবস্হাপক নিয়োগ
মানব সম্পদ উপ-বিভাগ
বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড
প্রধান কার্যালয় ‘বলাকা‘
কুর্মিটোলা, ঢাকা-১২২৯
ফোনঃ ৮৯০১৬০০ এক্স ২১৫০, ২১৫৪, ২১৫৭